

U.G. 1st Semester Examination - 2020

BENGALI

Course Code : BAECCLBT

Course Type : AECC(MIL)

Course Title : বাংলা ভাষার ভাষিক সংযোগ

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমানের নির্দেশক।

সঠিক বিকল্প নির্বাচন করে প্রতিটি প্রশ্নের উত্তর দাও : ২×২৫=৫০

১। 'প্রতিবেদন' কথাটির সাধারণ অর্থ হল—

- ক) সকলের ব্যথা
- খ) প্রতিদিনের ব্যথা
- গ) কারো প্রতি কিছু জানানো
- ঘ) সবকিছু ঠিক।

২। নিচের কোন্ বিবৃতিটি প্রতিবেদন লেখার ক্ষেত্রে প্রযোজ্য নয়?

- ক) প্রতিবেদন উত্তম পুরুষে লিখতে হয়
- খ) প্রতিবেদককে হতে হবে পক্ষপাতহীন, নির্ভীক ও নিরপেক্ষ
- গ) লেখার গুণে মূল সংবাদটি বিশ্বাসযোগ্য হয়ে ওঠা চাই
- ঘ) কোনোটিই ঠিক নয়।

৩। যে-কোনো ধরনের প্রতিবেদনের শুরুতেই থাকে—

- ক) প্রতিবেদকের নাম
- খ) স্থান ও তারিখ
- গ) সংক্ষিপ্ত শিরোনাম
- ঘ) কোনোটিই ঠিক নয়।

৪। কোনো সভায় বক্তব্য রাখতে গিয়ে তুমি বক্তব্যের শুরুতেই কী বলবে?

- ক) নিজের পরিচয় দেবে
- খ) সভার উদ্যোক্তাদের ধন্যবাদ জানাবে
- গ) সভার সভাপতি ও উপস্থিতি ব্যক্তিদের সম্বোধন ও সম্মান জ্ঞাপন করবে
- ঘ) মূল বক্তব্যটি বলবে।

৫। ভাবার্থ হ'ল—

- ক) বক্তার বক্তব্যের অর্থ
- খ) ব্যক্তির সঙ্গে ব্যক্তির ভাব
- গ) কোনো রচনার মূল ভাবটি জানা
- ঘ) সবকিছুই ঠিক।

৬। ভাব সম্প্রসারণের উদ্দেশ্য হ'ল—

- ক) নিজের ভাবটিকে ভালোভাবে বুঝিয়ে দেওয়া
- খ) ছোট লেখাকে বড় করে লেখা
- গ) লেখক বা বক্তার চিন্তাধারাকে সুস্পষ্ট ও পরিপূর্ণ রূপে প্রকাশ করা
- ঘ) কোনোটিই ঠিক নয়।

৭। ভাবসম্প্রসারণের ক্ষেত্রে কোন্ প্রক্রিয়াটি ঠিক নয়?

- ক) প্রক্রিয়ার দিক থেকে ভাবসম্প্রসারণ অনেকটা ব্যাখ্যাধর্মী
- খ) কোনো অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা করা ঠিক নয়
- গ) মূল ভাবটিকে শুধু বিস্তৃত করতে হয়
- ঘ) ভাবসম্প্রসারণে প্রদত্ত রচনার রচয়িতার নাম উল্লেখ করতে হয়।

- ৮। ভাবসম্প্রসারণের বিপরীত প্রক্রিয়া হ'ল—
 ক) সারাংশ লিখন
 খ) ভাবার্থ লিখন
 গ) (ক) ও (খ) দুটোই ঠিক
 ঘ) কোনোটিই ঠিক নয়।
- ৯। বাক্যের গঠনগত প্রধান বা ন্যূনতম উপাদান কয়টি?
 ক) ২টি
 খ) ৩টি
 গ) ৪টি
 ঘ) ১টি।
- ১০। নিচের কোন্টি বাক্য হওয়ার শর্ত নয়?
 ক) যোগ্যতা
 খ) যোজ্যতা
 গ) আকাঙ্ক্ষা
 ঘ) আসক্তি।
- ১১। 'ভোলা, তুমি ও আমি আজ সেখানে যাইব'।—গঠনগত দিক দিয়ে বাক্যটি কোন্ শ্রেণির বাক্য?
 ক) সরল বাক্য
 খ) যৌগিক বাক্য
 গ) মিশ্রবাক্য
 ঘ) জটিলবাক্য।
- ১২। 'বাপেও কাঁদে, মেয়েও কাঁদে।'— বাক্যটি কোন্ শ্রেণির বাক্য?
 ক) সরল
 খ) জটিল
 গ) যৌগিক
 ঘ) কোনোটিই নয়।
- ১৩। সাহিত্যের কোন্ প্রকরণে সংলাপ আবশ্যিক?
 ক) উপন্যাস
 খ) নাটক
 গ) ছোটগল্প
 ঘ) আখ্যান কাব্য।
- ১৪। বাংলা বাক্যগঠনে পদক্রমের সাধারণ রীতিটি হ'ল—
 ক) কর্তা-ক্রিয়া-কর্ম
 খ) কর্তা-কর্ম-ক্রিয়া
 গ) ক্রিয়া-কর্ম-কর্তা
 ঘ) কর্ম-ক্রিয়া-কর্তা।

- ১৫। 'যদি তুমি যাও, তবে আমি যাব।'—এই জটিল বাক্যটিতে প্রধান খণ্ড বাক্যটি হ'ল—
 ক) যদি তুমি যাও
 খ) তবে আমি যাব
 গ) তুমি যাও, আমি যাব
 ঘ) কোনোটিই ঠিক নয়।
- ১৬। বাগ্ধারা হ'ল—
 ক) প্রচলিত কথা
 খ) ডাকপুরুষের কথা
 গ) বিশিষ্টার্থক বাক্যাংশ
 ঘ) সবকটিই ঠিক।
- ১৭। নিচে প্রদত্ত কোন্টি বাগ্ধারা নয়?
 ক) তাসের ঘর
 খ) অল্পবিদ্যা ভয়ংকরী
 গ) অমাবস্যার চাঁদ
 ঘ) আঠারো মাসে বছর।
- ১৮। 'আষাঢ়ে গল্প'— এই বাগ্ধারাটি কোন্ অর্থ বোঝাতে ব্যবহৃত হয়?
 ক) আষাঢ় মাসের গল্প
 খ) আষাঢ় মাস বিষয়ক গল্প
 গ) (ক) ও (খ) দুটোই ঠিক
 ঘ) উদ্ভট কাল্পনিক কাহিনি।
- ১৯। পরানুগ্রহ-প্রত্যাশী লোভী ব্যক্তি বোঝাতে নিচের কোন্ বাগ্ধারাটি ব্যবহৃত হয়?
 ক) ঝোপ বুঝে কোপ মারা
 খ) বিড়াল তপস্বী
 গ) ওজন বুঝে চলা
 ঘ) তীর্থের কাক।
- ২০। বৃদ্ধার পালিতা কন্যাই তাঁর। শূন্যস্থানে যথোপযুক্ত বাগ্ধারাটি হবে—
 ক) বুকুর পাটা
 খ) কেউকেটা
 গ) ঢাকের বাঁয়া
 ঘ) নয়নের মণি।

- ২১। তুমি কোনো মাননীয় ব্যক্তির সাক্ষাৎকার নিয়েছ। ঐ সাক্ষাৎকারের শেষ সংলাপটি হবে—
- ক) কথা বলে ভালো লাগল খ) অনেক কিছু শিখলাম
গ) নমস্কার-ধন্যবাদ ঘ) কোনোটিই নয়।
- ২২। নিচে প্রদত্ত কোন্ বানানটি শুদ্ধ নয়?
- ক) কথপোকথন খ) রামায়ণ
গ) সারথি ঘ) দাশরথি।
- ২৩। নিচে প্রদত্ত চারটি শব্দের মধ্যে বানানের দিক থেকে শুদ্ধ শব্দটি নির্বাচন করো।
- ক) দুরাবস্থা খ) আরাম্ভ
গ) বাল্মীকি ঘ) দূর্গা।
- ২৪। শুদ্ধ শব্দটি নির্বাচন করো।
- ক) প্রাতঃরাশ খ) বীজানু
গ) শারোদোৎসব ঘ) বয়ঃকনিষ্ঠ।
- ২৫। বক্তব্য উপস্থাপনের ক্ষেত্রে প্রধান ভূমিকা থাকে—
- ক) বক্তব্যের লিখিত খসড়ার খ) বক্তা ও শ্রোতার
গ) নেতার ঘ) মাইক্রোফোনের।
-